আদালতের আদেশ মোতাবেক দৈনিক আলোকিত বাংলাদেশ ও দৈনিক কালবেলা পত্রিকার বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য আদেশ প্রদান করা হইয়াছে

21 MAR 2024

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৪) ধারা মোতাবেক

# নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

মোকামঃ জজ অর্থঋণ আদালত নং-১, ঢাকা।

**অর্থজারী মোকদ্দমা নং-১২৮/২০২৩**

**সোনালী ব্যাংক লিমিটেড,** যাহা ১৯৯৪ইং সালের কোম্পানী আইনে রেজিষ্ট্রীকৃত একটি ব্যাংকিং প্রতিষ্ঠান (যাহা পূর্বে বাংলাদেশ ব্যাংক রাষ্ট্রীয়করণ আদেশ ২৬/১৯৭২ এর প্রেক্ষিতে প্রতিষ্ঠিত হইয়াছিল)। যাহার প্রধান কার্যালয়, সোনালী ব্যাংক ভবন, মতিঝিল বাণিজ্যিক এলাকা, থানা-মতিঝিল, জেলা-ঢাকা। উহার বিভিন্ন শাখার মধ্যে একটি শাখা **সোনালী ব্যাংক লিমিটেড, "নয়া বাজার শাখা"** জিলা-ঢাকা, নামে পরিচিত।

---------**ডিক্রীদার।**

**বনাম**

১। **মোঃ জাহিদ হাসান (নিপু),** পিতা-মৃত মোঃ জাহাঙ্গীর হোসেন, মালিক-মেসার্স নিপু পাইপ বিতান, ঠিকানা-৪৭, বাগডাসা লেন, নয়া বাজার, জেলা-ঢাকা।

২। **মোসাঃ নাজমা বেগম,** স্বামী-মৃত মোঃ জাহাঙ্গীর হোসেন, জামিনদার-মেসার্স নিপু পাইপ বিতান, ঠিকানা-৯/৩/এ, জিন্দাবাহার ২য় লেন, জেলা-ঢাকা।

৩। **(ক) মোঃ সাজ্জাদ হোসেন (শিপু),**
**(খ) মোঃ তানভীর আহম্মেদ (শান্ত),**
**(গ) মোসাঃ জান্নাতুল আফরিন (কনা),** সকলের পিতা-মৃত মোঃ জাহাঙ্গীর হোসেন, ৩(ক) (খ) (গ) এর পক্ষে নিযুক্তিয় অভিভাবক তাহাদের মাতা মোসাঃ নাজমা বেগম, জামিনদার-মেসার্স নিপু পাইপ বিতান, ঠিকানা-৯/৩/এ, জিন্দাবাহার ২য় লেন, জেলা-ঢাকা।

------------**দায়িকগণ।**

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দায়িকগণের নিকট থেকে ডিক্রীদার ব্যাংকের পাওনা বিগত ৩১/১২/২০২২ ইং তারিখ পর্যন্ত সর্বমোট **২৪,৮৯,৩৮৮.৩২ (চব্বিশ লক্ষ উননব্বই হাজার তিনশত আটাশি টাকা বত্রিশ পয়সা)** টাকা আদায়ের লক্ষ্যে দায়িক পক্ষ কর্তৃক বন্ধককৃত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি আগামী ..২২/৫/২৪.. ইং তারিখ নিম্নরূপ শর্তসাপেক্ষে নিলামে বিক্রী করা হবে। আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।

21 MAR 2024

## নিলামের শর্তাবলী

১। আগামী ২২/৫/২৪ ইং তারিখে বেলা ২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্রাদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪। প্রত্যেক দরদাতাকে উদ্বৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০% উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ **জজ অর্থঋণ আদালত-১,** ঢাকা এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডার বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৫। দরদাতা অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬। দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে ঐ একই দিন অর্থাৎ ২২/৫/২৪ ইং তারিখ বিকেল ২.০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

৯। উপরে বর্ণিত (৪) ও (৫) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করতে পারবেন।

১০। কৃতকার্য দরদাতার অনুকূলে শর্তপূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল অত্রাদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১১। নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করেন।

**স্থাবর সম্পত্তির তফসিল**

**সম্পত্তির বর্ণনা**

জিলা-ঢাকা, থানা-কোতয়ালী, মৌজা-শহর ঢাকা, জে.এল নং-এস,এ-১, আর.এস-১, ঢাকা সিটি জরিপ-১, খতিয়ান নং-সি.এস-৮১৭২, এস.এ খতিয়ান-সাবেক-৫২১৭, হালে-৩২০৯, আর.এস খতিয়ান নং-২০৭১, ঢাকা সিটি জরিপ-৩৮০১, নামজারী খতিয়ান নং-৯৫৬৮, দাগ নং-সি.এস-৭৯, এস.এ-৬০৪৪, আর.এস দাগ নং-৯১৩৮, ঢাকা সিটি জরিপ-১১১৬৪, জমির পরিমান-৮৪ (চুরাশি) অযুতাংশ মাত্র এবং তদস্থিত নির্মিত ভবন সহ সকল নির্মানাদি বন্ধককৃত বটে।

আদেশ ক্রমে

সেরেস্তাদার
অর্থঋণ আদালত-১, ঢাকা।